# এইচ এস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

## বিষয় ঃ পৌরনীতি ও সুশাসন ১ম পত্র (সৃজনশীল)

**সময় ঃ ২ ঘণ্টা ১০ মিনিট** **পূর্ণমান—৬০**

**[ নিচের উদ্দীপকগুলো পড় এবং যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও । ]**

### ক-বিভাগ

১। পৌরনীতির সাথে অনেকগুলো শাস্ত্রের সম্পর্ক রয়েছে। যেমন– ইতিহাস, অর্থনীতি, নীতিশাস্ত্র, ভূগোল, মনোবিজ্ঞান ইত্যাদি। পৌরনীতির ছাত্র জাহিদ পৌরনীতির সাথে অর্থনীতির সম্পর্ক বিষয়ে শিক্ষক মজিবুর রহমান স্যারকে প্রশ্ন করল। স্যার ক্লাসে তাকে বিষয়টি বুঝিয়ে বললেন ও অর্থনৈতিক উন্নয়নের সাথে রাজনৈতিক স্থিতিশীলতার সম্পর্ক গুরুত্বের সাথে আলোচনা করলেন।

ক. 'Polies' ও 'Polis' কোন দেশি শব্দ? ১

খ. পৌরনীতি ও অর্থনীতির লক্ষ্যগত অভিন্নতা দেখাও। ২

গ. অর্থনৈতিক উন্নয়ন ও রাজনৈতিক স্থিতিশীলতা– একে অপরের সাথে গভীরভাবে সম্পর্কিত– উদ্দীপকের আলোকে আলোচনা কর। ৩

ঘ. শিক্ষা, চিকিৎসা, বাসস্থান ইত্যাদি নগর জীবনের উন্নয়নগুলো অর্থনীতির সাথে সম্পর্কিত– উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

২। রফিক ও সফিক দুই ভাই। তাদের পরিবারে দুই ভাই ছাড়াও মা, বাবা ও এক বোন রয়েছে। ফুফু এবং চাচারা অনেক আগেই আলাদাভাবে পরিবার গঠন করেছে। রফিক একটি বেসরকারি কোম্পানিতে চাকরি পেয়েছে আর সফিক কলেজে লেখাপড়া করে। তাদের বড় চাচার দুই ছেলে কিছুদিন আগে বিয়ে করে আলাদা সংসার করছে।

ক. পরিবার কী? ১

খ. পরিবার প্রথা কেন দিন দিন ভেঙে যাচ্ছে? ২

গ. রফিকদের পরিবার কোন ধরনের পরিবার– এ ধরনের পরিবারের বৈশিষ্ট্যগুলো চিহ্নিত কর। ৩

ঘ. রফিকদের পরিবার যে ধরনের কার্যাবলি সম্পন্ন করে, তা বিশ্লেষণ কর। ৪

৩।




ক. মরিস জিসবার্ট-এর সমাজের সংজ্ঞাটি লেখ। ১

খ. সমাজ বিকাশের প্রাথমিক স্তরে প্রদত্ত ছকের ১নং বিষয়টির উৎপত্তি হয় কেন? ২

গ. প্রদত্ত ছকের ৫ম ও ৬ষ্ঠ বিষয় দুটি সমাজের ক্রমবিকাশে কীভাবে প্রভাব বিস্তার করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সমাজের ক্রমবিকাশে প্রদত্ত ছকে উল্লিখিত বিষয়গুলো ধারাবাহিকভাবে বিশ্লেষণ কর। ৪

৪। অর্থনৈতিক দিক দিয়ে বিশ্বের অন্যতম শক্তিশালী দেশ মার্কিন যুক্তরাষ্ট্র। মার্কিন যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক ব্যবস্থায় পুঁজিবাদী দর্শন বিদ্যমান। মুনাফা হচ্ছে যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক ব্যবস্থার মূল লক্ষ্য। মার্কিন যুক্তরাষ্ট্র ও চীনের রাজনৈতিক ব্যবস্থায় ভিন্নতা থাকলেও অর্থনৈতিক দিক দিয়ে দুটি দেশ প্রায় একই নীতি অনুসরণ করছে।

ক. পুঁজিবাদ কী? ১

খ. মুনাফা পুঁজিবাদের মূল লক্ষ্য– বর্ণনা কর। ২

গ. চীনের রাজনৈতিক ব্যবস্থা উল্লেখপূর্বক অর্থনৈতিক উন্নয়নে পুঁজিবাদী দর্শনের ভূমিকা লেখ। ৩

ঘ. চীনের রাজনৈতিক ব্যবস্থার সাথে অর্থনৈতিক ব্যবস্থার বিপরীতমুখী অর্থব্যবস্থার যৌক্তিকতা আলোচনা কর। ৪

### খ-বিভাগ

৫। রাষ্ট্র গঠনের চারটি উপাদানের মধ্যে সার্বভৌমত্ব অন্যতম। সার্বভৌমত্ব এমন একটি ক্ষমতা যার মাধ্যমে রাষ্ট্র বহিঃশত্রুর আক্রমণ থেকে রক্ষা পায়। ইসরাইল রাষ্ট্র গঠনের তিনটি উপাদান আরেকটি নেই। ইসরাইল জাতিসংঘের সদস্য নয়।

ক. সার্বভৌমত্ব কী? ১

খ. সার্বভৌমত্বের বৈশিষ্ট্য লেখ। ২

গ. ইসরাইল রাষ্ট্র নয় কেন? উদ্দীপকের আলোকে লেখ। ৩

ঘ. ইসরাইল আন্তর্জাতিক অঙ্গনে কোনো অনুষ্ঠান কিংবা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারে না কেন? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৬। মানুষ সমাজবদ্ধ জীব। সমাজে বসবাস করে মানুষ যেমন স্বাধীনতা ভোগ করে, তেমনি আইন মান্য করে চলে। আইন ছাড়া স্বাধীনতা অর্থহীন। তবে স্বাধীনতা রক্ষা করতে হলে আরও অনেক নিয়ম মেনে চলতে হয়। আবার স্বাধীনতার সাথে গণতন্ত্রের গভীর সম্পর্ক রয়েছে।

ক. এরিস্টটল প্রদত্ত আইনের সংজ্ঞাটি লেখ। ১

খ. জনগণ আইন মান্য করে কেন? দুটি কারণ লেখ। ২

গ. স্বাধীনতা রক্ষার উপায়গুলো আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত আইন, স্বাধীনতা ও গণতন্ত্রের সম্পর্ক আলোচনা কর। ৪

৭। সোহেল বাংলাদেশের নাগরিক। সে উচ্চ মাধ্যমিক শ্রেণির ছাত্র। তার বিষয় পৌরনীতি হওয়াতে নাগরিক সম্পর্কিত জ্ঞান অর্জনে সে খুব আগ্রহী। এর আগে সংবাদ মাধ্যমে একজন অপরাধীর দ্বৈত নাগরিকত্বের কথা শুনেছে; কিন্তু এ সম্পর্কে তার ধারণা নেই। সম্প্রতি সে ক্লাসে তার শিক্ষক মজিবুর রহমানের কাছ থেকে দ্বৈত নাগরিকত্ব ও নাগরিকতা অর্জনের পদ্ধতি সম্পর্কে সম্যক ধারণা পেয়েছে এবং সেই সঙ্গে সে নাগরিকতা বিলুপ্তির কারণগুলোও জেনেছে।

ক. নাগরিকতা অর্জনের পদ্ধতি কত প্রকার? ১

খ. দ্বৈত নাগরিকতা সম্পর্কে লেখ। ২

গ. সোহেলকে তার শিক্ষক নাগরিকতা বিলুপ্তির যে কারণগুলো বলেছে, তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. সোহেল যেভাবে নাগরিকতা অর্জনের বিভিন্ন পদ্ধতি সম্পর্কে জেনেছে, তার ব্যাখ্যা দাও। ৪

### গ-বিভাগ

৮। সম্প্রতি সাভারে ভবন ধসে কয়েকশত গার্মেন্টস শ্রমিক নিহত হয় এবং হাজারের বেশি শ্রমিক আহত হয়। ভবনটিতে ফাটল ধরা সত্ত্বেও ঐ ভবনেই শ্রমিকদের কাজ করতে বাধ্য করা হয়। এছাড়াও পোশাক তৈরির কারখানাগুলোতে কাজের যথাযথ পরিবেশ নেই, নেই অগ্নিনির্বাপনের ব্যবস্থা, নেই হঠাৎ দুর্ঘটনা থেকে উদ্ধার পাওয়ার ব্যবস্থা এবং কাজেরও যথাযথ ভালো পরিবেশ নেই। ফলে দিন দিন শ্রমিকদের স্বাস্থ্যের অবনতি হচ্ছে। মানবাধিকার লঙ্ঘনের এ ধরনের ঘটনা বিশ্বে বিরল। এর ফলে বর্তমানে পোশাক শিল্প আন্তর্জাতিক অঙ্গনে হুমকির সম্মুখীন হচ্ছে।

ক. মানবাধিকার দিবস কোনটি? ১

খ. মানবাধিকারের স্বরূপ লেখ। ২

গ. উদ্দীপকে উল্লিখিত বাংলাদেশের পোশাক শ্রমিকদের ক্ষেত্রে কীভাবে মানবাধিকার লঙ্ঘিত হচ্ছে? ৩

ঘ. 'গণতন্ত্র ও মানবাধিকার ধারণা দুটি ওতপ্রোতভাবে জড়িত'– উদ্দীপকের আলোকে বর্ণনা কর। ৪

৯। রুবেল তার বাবার সাথে ব্রিটেনে বেড়াতে যায়। সেখানে গিয়ে সে দেখে, সেই দেশের সংবিধান প্রথা, রীতিনীতি ও আচার-অনুষ্ঠানের ওপর ভিত্তি করে গড়ে উঠেছে। দেশে ফিরে রুবেল পৌরনীতি ক্লাসে তার শিক্ষকের কাছ থেকে জানতে পারে, বাংলাদেশের সংবিধান মহান মুক্তিযুদ্ধের চেতনার ওপর গড়ে ওঠা একটি আদর্শ সংবিধান। যেখানে সংবিধানের মূলনীতিসহ জনগণের মৌলিক অধিকার ও অন্যান্য সকল বিষয় সুন্দরভাবে লিপিবদ্ধ হয়েছে।

ক. 'কতিপয় মৌলিক রাজনৈতিক প্রতিষ্ঠানসমূহের সুষম ব্যবস্থাই সংবিধান'– উক্তিটি কার? ১

খ. দুষ্পরিবর্তনীয় সংবিধান কোন প্রকৃতির বর্ণনা কর। ২

গ. ব্রিটেনের এবং বাংলাদেশের সংবিধানের মধ্যে মৌলিক পার্থক্যগুলো উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. 'রুবেলের দেশের সংবিধান উত্তম প্রকৃতির' তুমি কি উক্তিটির সাথে একমত? উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

Teachingbd.com

http://teachingbd.com

বিষয় কোড | ২ | ৬ | ৯

# এইচ এস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

সময় ঃ ৪০ মিনিট — বিষয় ঃ পৌরনীতি ও সুশাসন ১ম পত্র (বহুনির্বাচনি) — পূর্ণমান—৪০

[ উত্তরপত্রের সঠিক উত্তরের বৃত্তটি (O) বল পয়েন্ট কলম দ্বারা ভরাট কর ]

**১. পৌরনীতির ইংরেজি শব্দ কোনটি?**
(ক) Civis (খ) Civitas
(গ) Civics (ঘ) Civies

**২. প্রাচীন গ্রিসের ক্ষুদ্র নগররাষ্ট্র কোনটি?**
(ক) রোম (খ) মিসর
(গ) স্পার্টা (ঘ) জর্জিয়া

**৩. প্রাচীন গ্রিসের যে রাষ্ট্রগুলো একই রূপ জাতীয়তা পোষণ করত—**
i. এথেন্স
ii. স্পার্টা
iii. রোম
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii (গ) ii ও iii (ঘ) iii

**৪. বাংলাদেশে যে ধরনের সমস্যা প্রকট—**
i. সামাজিক
ii. রাজনৈতিক
iii. অর্থনৈতিক
**নিচের কোনটি সঠিক?**
(ক) i (খ) ii ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৫. পৌরনীতি ও রাষ্ট্রবিজ্ঞান কোন সূত্রে পরস্পর সম্পর্কযুক্ত?**
(ক) জন্মসূত্রে (খ) ধারণাগত
(গ) শ্রেণিগত (ঘ) আদর্শগত

**৬. পৌরনীতির গবেষণাগার কোনটি?**
(ক) সমাজ (খ) ইতিহাস
(গ) ধর্ম (ঘ) নীতিশাস্ত্র

**৭. পরিবারের প্রাণস্বরূপ কোনটি?**
(ক) অর্থ (খ) সম্পত্তি
(গ) বন্ধন (ঘ) রক্তের সম্বন্ধ

**৮. "যৌন সম্পর্কের ওপর ভিত্তি করে সন্তানসন্ততির জন্মদান ও লালন পালনের উদ্দেশ্যে যে সংগঠন গড়ে ওঠে তাই পরিবার"— কার সংজ্ঞা?**
(ক) উইলোবী (খ) অস্টিন
(গ) ম্যাকাইভার (ঘ) বার্জেস

**৯. পরিবেশের উপাদানগুলো আমাদের জীবনের সাথে কীভাবে জড়িত আছে?**
(ক) বিচ্ছিন্নভাবে (খ) ক্ষণস্থায়ীভাবে
(গ) ওতপ্রোতভাবে (ঘ) গুরুত্বহীনভাবে

**১০. "পরিবেশের প্রভাবেই মানুষ রাজনৈতিক কলাকৌশলে দক্ষ হয়ে ওঠে।" — কার উক্তি?**
(ক) অস্টিন (খ) এরিস্টটল
(গ) ইবনে খালদুন (ঘ) উইলোবী

**১১. প্রাকৃতিক পরিবেশ সম্পর্কে জানতে পাঠ করতে হবে—**
i. ভূপ্রকৃতি
ii. জলবায়ু
iii. শাসন বিভাগ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii (গ) iii (ঘ) i, ii ও iii

**১২. "সমাজ হল সামাজিক সম্পর্কমূলক একটি ব্যবস্থা"— উক্তিটি কার?**
(ক) এরিস্টটল (খ) প্লেটো
(গ) লাস্কি (ঘ) ম্যাকাইভার

**১৩. মানুষ নিরাপত্তার জন্য সঙ্গীপ্রিয় হয়ে উঠলে এর ফলাফল কী ছিল?**
(ক) পরিবার গঠন (খ) গোষ্ঠীর সৃষ্টি
(গ) ধর্মীয় বন্ধন সৃষ্টি (ঘ) অর্থনৈতিক চেতনা

**১৪. সামাজিক পরিবর্তন বলতে বোঝায়—**
i. সামাজিক চিন্তাচেতনাকে তথ্যভিত্তিক সমৃদ্ধ করা
ii. সামাজিক কাঠামোর পুনর্গঠন
iii. সামাজিক কাঠামোর রূপান্তর
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**১৫. সামাজিক মূল্যবোধের নিকট মানুষের দায়বদ্ধতা—**
i. সুশীল সমাজ গঠনের জন্য
ii. সামরিক শাসনের জন্য
iii. রাজনৈতিক কৃষ্টি সাধনে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**১৬. রাষ্ট্রের আকারগত দিক কোনটি?**
(ক) সরকার (খ) জনসমষ্টি
(গ) নির্দিষ্ট ভূখণ্ড (ঘ) সার্বভৌমত্ব

**১৭. জি-৭ এর সদস্যরাষ্ট্রের সমপর্যায়ে যেতে বাংলাদেশকে কী হতে হবে?**
(ক) কৃষি উন্নত (খ) শিল্পোন্নত
(গ) উন্নয়নশীল (ঘ) পারমাণবিক ক্ষমতাধর

**১৮. ঐশ্বরিক মতবাদ প্রবল সমর্থন লাভ করে কোন যুগে?**
(ক) প্রাচীন যুগে (খ) মধ্যযুগে
(গ) প্রাক-আধুনিক যুগে (ঘ) আধুনিক যুগে

**১৯. রাষ্ট্রের উৎপত্তিসংক্রান্ত চিন্তার ফসল হল—**
i. ইংল্যান্ডের গৌরবময় বিপ্লব
ii. ফরাসি বিপ্লব
iii. আমেরিকার স্বাধীনতা সংগ্রাম
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

**২০. "রাষ্ট্রের চূড়ান্ত ইচ্ছাই হল সার্বভৌমিকতা"— কার উক্তি?**
(ক) অস্টিন (খ) বার্জেস
(গ) উইলোবী (ঘ) ব্লাকস্টোন

**২১. বাংলাদেশে রাজনৈতিক সার্বভৌমত্ব কারা ভোগ করে?**
(ক) প্রধানমন্ত্রী (খ) রাষ্ট্রপতি
(গ) বিরোধী দল (ঘ) জনগণ

**২২. "জনগণের কণ্ঠস্বরই হলো ঈশ্বরের কণ্ঠস্বর"— কার উক্তি?**
(ক) জন লক (খ) রুশো
(গ) লাস্কি (ঘ) জন বদিন

**২৩. স্বাধীনতা রক্ষার শ্রেষ্ঠ রক্ষাকবচ কোনটি?**
(ক) বিরোধী দল (খ) সরকার
(গ) সেনাবাহিনী (ঘ) জনগণ

**২৪. আইন ও নৈতিকতার মধ্যে সাদৃশ্য কী?**
i. উভয়ই মানুষের বিবেক থেকে সৃষ্টি
ii. বিষয়বস্তু অভিন্ন
iii. পরস্পর নির্ভরশীলতা অনুভব করে না
**নিচের কোনটি সঠিক?**
(ক) i (খ) i ও ii
(গ) ii (ঘ) iii

**২৫. প্রাচীন গ্রিসের নগররাষ্ট্রে কারা নাগরিকের মর্যাদা পেত না?**
(ক) সেনাপ্রধান (খ) বিচারক
(গ) স্ত্রীলোক (ঘ) দাসদের মালিক

**২৬. প্রজারা কোন অধিকার ভোগ করে না?**
(ক) নাগরিক (খ) অর্থনৈতিক
(গ) ধর্মীয় (ঘ) রাজনৈতিক

**২৭. অনুমোদনসূত্রে নাগরিকতা অর্জন করতে কোন ধরনের শর্ত পালন করতে হবে?**
i. বিবাহ করা
ii. সম্পত্তি ক্রয় করা
iii. ভাষা জানা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**২৮. রাষ্ট্রীয় শক্তির প্রয়োজন হয় না কোন ধরনের অধিকার পাবার জন্য?**
(ক) নৈতিক (খ) আইনগত
(গ) রাজনৈতিক (ঘ) অর্থনৈতিক

**২৯. কত তারিখে মানবাধিকার জাতিসংঘে গৃহীত ও ঘোষিত হয়?**
(ক) ১০ এপ্রিল (খ) ২০ অক্টোবর
(গ) ১৩ নভেম্বর (ঘ) ১০ ডিসেম্বর

**৩০. আইনের দৃষ্টিতে সবাই সমান— এটি সংবিধানের কোন ভাগে লিপিবদ্ধ আছে?**
(ক) প্রথম ভাগ (খ) দ্বিতীয় ভাগ
(গ) তৃতীয় ভাগ (ঘ) চতুর্থ ভাগ

**৩১. প্লেটোর গুরু কে?**
(ক) এরিস্টটল (খ) ম্যাকিয়াভেলি
(গ) সক্রেটিস (ঘ) প্লেটোর সহধর্মিণী

**৩২. কোন ধরনের সরকার ব্যবস্থায় শাসন বিভাগ আইন বিভাগের নিকট দায়ী থাকে?**
(ক) স্বৈরতন্ত্র (খ) রাষ্ট্রপতি শাসিত
(গ) সমাজতন্ত্র (ঘ) মন্ত্রিপরিষদ শাসিত

**৩৩. সরকারের সবচাইতে গুরুত্বপূর্ণ বিভাগ কোনটি?**
(ক) আইনসভা (খ) শাসন বিভাগ
(গ) বিচার বিভাগ (ঘ) চিকিৎসা বিভাগ

■ **নিচের অনুচ্ছেদ থেকে ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. শফিক একটি বেসরকারি সংস্থার প্রধান। তিনি তার সংস্থাটির জন্য নতুন বিধিমালা প্রণয়ন করেছেন। তিনি মনে করেন, রাষ্ট্র যেমন একটি বৃহৎ সংগঠন তেমনি তার সংস্থাটিও একটি ক্ষুদ্র সংগঠন।

**৩৪. রাষ্ট্রের বিভাগ কোনটি?**
i. আইন বিভাগ
ii. শাসন বিভাগ
iii. বিচার বিভাগ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i, ii ও iii (খ) iii (গ) iii (ঘ) i ও iii

**৩৫. মি. শফিকের সংগঠনে কয়টি বিভাগ থাকা বাঞ্ছনীয়?**
(ক) একটি (খ) দুটি
(গ) তিনটি (ঘ) চারটি

**৩৬. 'ব্যক্তিস্বাধীনতার জন্য বিচার বিভাগের স্বাধীনতা অপরিহার্য' — উক্তিটি কার?**
(ক) লর্ড ব্রাইস (খ) বিচারপতি হিউজেস
(গ) অধ্যাপক লাস্কি (ঘ) আব্রাহাম লিংকন

**৩৭. কেন্দ্রীয় সরকারের শীর্ষতম কর্মকর্তার নিকট প্রশাসনিক কর্তৃত্ব কেন্দ্রীভূতকরণের নাম কী?**
(ক) বিকেন্দ্রীকরণ (খ) কেন্দ্রীকরণ
(গ) সামাজিকতা (ঘ) ক্ষমতার স্বাতন্ত্র্যবোধ

**৩৮. সংবিধান সংশোধনের, পরিবর্তনের ও সংকোচনে নিয়মাবলির ধারক এবং বাহক কী?**
(ক) সংবিধান (খ) রাজনৈতিক দল
(গ) বিরোধীদল (ঘ) ক্ষমতাসীন দল

■ **নিচের চিত্রের ভিত্তিতে ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও।**




**৩৯. উল্লিখিত চিত্রে কোন নির্বাচন পদ্ধতি প্রতিফলিত হয়েছে?**
(ক) প্রত্যক্ষ (খ) পরোক্ষ
(গ) গোপন ভোটদান (ঘ) প্রকাশ্য ভোট

**৪০. উপরিউক্ত চিত্রের নির্বাচন পদ্ধতি আধুনিক বিশ্বে—**
i. অধিক জনপ্রিয় ও প্রশংসিত
ii. সর্বাধিক গণতান্ত্রিক ও গ্রহণযোগ্য
iii. আবেগময় ও উত্তেজনাকর
**নিচের কোনটি সঠিক?**
(ক) i (খ) i ও ii
(গ) ii (ঘ) ii ও iii

## উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | গ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | ক | ৬ | খ | ৭ | ঘ | ৮ | গ | ৯ | গ | ১০ | গ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | খ | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | গ |
| ২১ | ঘ | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | গ | ৩১ | গ | ৩২ | ঘ | ৩৩ | ক | ৩৪ | ক | ৩৫ | গ | ৩৬ | গ | ৩৭ | খ | ৩৮ | ক | ৩৯ | ক | ৪০ | খ |

Teachingbd.com
http://teachingbd.com